গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

জিওবি অর্থায়নে গৃহীত বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের আগস্ট ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	১৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	ভবন নং-৭, কক্ষ নং ৮২১, বাংলাদেশ সচিবালয়
উপস্থিতি	...

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাকে অবহিত করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের মধ্যে ১০টি প্রকল্প বাংলাদেশ সেনাবাহিনীর কনষ্ট্রাকশন ব্রিগেড ২৪ ও ৩৪ কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পসমূহের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে ১৩৩৭.৮৯ কোটি টাকা বরাদ্দ আছে, যা এ বিভাগের এডিপি বরাদ্দের ৫.৩২%। আগস্ট ২০১৯ পর্যন্ত ৩৩৪.৪৮ কোটি টাকা (২৫%) ছাড় করে এখন পর্যন্ত কোন অর্থ ব্যয় করা হয়নি। বরাদ্দের তুলনায় ব্যয়ের হার ০.০০%। তবে সেপ্টেম্বর ২০১৯ মাসে আর্থিক অগ্রগতি হবে বলে সংস্থা থেকে জানানো হয়। চলমান, নতুন অনুমোদিত এবং প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়ন/প্রক্রিয়াকরণ অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. আলোচনা ও সিদ্ধান্তঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১ ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেন উন্নয়ন প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ মেয়াদ: (১/৯/১৮-৩০/৬/২০)	ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাচ্চর-ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ-৪ লেনে উন্নয়ন প্রকল্পের এলাইনমেন্টের মাওয়া প্রান্তে বিবিএ অংশের শুরুতে সড়ক ও গোলচত্বর সংশোধন বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন পাওয়া গিয়েছে। প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা এবং প্রতিবেদনের আলোকে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়।	সড়ক ও গোলচত্বর সংশোধন বিষয়ে গঠিত কমিটি হতে প্রাপ্ত প্রতিবেদন সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে এবং প্রতিবেদনের আলোকে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও অতিরিক্ত সচিব উন্নয়ন এবং পরিকল্পনা উইং

৩.২ আলীকদম-জ্বালানীপাড়া-করুকপাতা-পোয়ামুহুরী সড়ক নির্মাণ প্রকল্প মেয়াদ: (১/১/১৭-৩০/৬/১৯)	সম্প্রতি অনুমোদিত সংশোধিত ডিপিপির আলোকে অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্তকরণের জন্য নির্দেশনা দেয়া হয় এবং পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করে অনুমোদনের আদেশ সংগ্রহের জন্য প্রকল্প পরিচালককে পরামর্শ প্রদান করা হয়।	(ক) সংশোধিত ডিপিপির আলোকে অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে; (খ) পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করে অনুমোদনের আদেশ সংগ্রহ করতে হবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড ও প্রকল্প পরিচালক
৩.৩ বগাছড়ি-ননিয়ারচর-লংগদু সড়কের ১০ম কি:মি: এ চেংগী নদীর উপর ৫০০.০০ মিটার দীর্ঘ সেতু নির্মাণ মেয়াদ: (১/১১/১৬-৩১/১২/১৯)	পিইসি সভার সুপারিশের আলোকে পুনর্গঠিত সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়।	সংশোধিত পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড
৩.৪ সিলেট শহর বাইপাস-গ্যারিসন লিংক টু শাহ পরাণ সেতু ঘাট সড়ক ৪ লেন মহাসড়ক উন্নয়ন মেয়াদ: (১/৪/১৭- ৩০/০৬/১৯)	প্রকল্পটি জুন ২০২০ সালে সমাপ্ত হবে। পিএসসি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি সংশোধনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়।	সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	২৪ কনস্ট্রাকশন ব্রিগেড এবং যুগ্মপ্রধান
৩.৫ থানচি-রিমাকরি-মদক-লিকরি সড়ক নির্মাণ প্রকল্প মেয়াদ: (১/১/১৭-৩০/৬/২০)	পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত ডিপিপি ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। অনুমোদিত ডিপিপির আলোকে অবশিষ্ট কাজ দ্রুত সমাপ্ত করার জন্য নির্দেশনা দেয়া হয়।	অনুমোদিত ডিপিপির আলোকে অবশিষ্ট কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড
৩.৬ মিরপুর ডিওএইচএস গেট-২ হতে মিরপুর-১২ বাসস্ট্যান্ড পর্যন্ত মহাসড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্প মেয়াদ: (১/৭/১৭- ৩১/১২/১৯)	ক্রয় ও কর্ম পরিকল্পনা মোতাবেক প্রকল্পটির অবশিষ্ট কাজ নির্ধারিত সময় অর্থাৎ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে সমাপ্ত করার জন্য নির্দেশনা দেয়া হয়।	প্রকল্পের অবশিষ্ট কাজ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে সমাপ্ত করতে হবে।	২৪ কনস্ট্রাকশন ব্রিগেড
৩.৭ সীমান্ত সড়ক (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা) নির্মাণ (১ম পর্যায়) মেয়াদ: (১/১/১৮- ৩০/৬/২১)	পিএসসি সভার সুপারিশ অনুযায়ী ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহণ করা এবং সংশোধিত ডিপিপিতে এলজিইডির প্রায় ৫ কিলোমিটার সড়ক অন্তর্ভুক্ত করার জন্য সওজ অধিদপ্তর কর্তৃক প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরন করার জন্য নির্দেশনা দেয়া হয়। সওজ অধিদপ্তর থেকে প্রস্তাব প্রাপ্তির পরে পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়।	(ক) পিএসসি সভার সুপারিশ অনুযায়ী ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে; (খ) সংশোধিত ডিপিপিতে এলজিইডির প্রায় ৫ কিলোমিটার সড়ক অন্তর্ভুক্ত করার জন্য সওজ অধিদপ্তর কর্তৃক প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরন করতে হবে; (গ) সওজ অধিদপ্তর থেকে প্রস্তাব প্রাপ্তির পরে যাচাই সভা আহবান করতে হবে।	৩৪ কনস্ট্রাকশন ব্রিগেড

৩.৮ রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ মেয়াদ: (১/৭/১৮- ৩১/১২/২০)	ক্রয় ও কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পটির অবশিষ্ট কাজ নির্ধারিত সময় অর্থাৎ ডিসেম্বর ২০২০ এর মধ্যে সমাপ্ত করার জন্য নির্দেশনা দেয়া হয়।	প্রকল্পের অবশিষ্ট কাজ ডিসেম্বর ২০২০ এর মধ্যে সমাপ্ত নিশ্চিত করতে হবে।	২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৩.৯ ঢাকা-এয়ারপোর্ট মহাসড়কে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল এবং কলেজ এর নিকট পথচারী আন্ডারপাস নির্মাণ মেয়াদ: (১/১/১৮- ৩১/১২/১৯)	সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়।	সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সওজ অধিদপ্তর, ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৩.১০ মহালছড়ি-সিন্দুকছড়ি-জালিয়াপাড়া সড়ক পুনঃনির্মাণ ২য় পর্যায় মেয়াদ: (১/১২/১৮- ৩১/১২/২১)	২০১৯-২০ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম ত্বরান্বিত করা এবং অর্থ বরাদ্দের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়।	(ক) ২০১৯-২০ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম ত্বরান্বিত করতে হবে; (খ) অর্থ বরাদ্দের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৪.০ নতুন অননুমোদিত প্রক্রিয়াধীন প্রকল্প			
৪.১ কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ (২৩ কিলোমিটার) প্রশস্থকরণ ও ৬ কিলোমিটার পুন:নির্মাণ	পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ভূমি অধিগ্রহণের প্রস্তাব দ্রুত জেলা প্রশাসক, কক্সবাজার এর কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সড়কটির জন্য ৪ লেনের ভূমির সংস্থান রেখে ২ লেনে সড়ক নির্মাণের লক্ষ্যে ডিপিপি প্রণয়নের পরামর্শ প্রদান করা হয়।	(ক) ভূমি অধিগ্রহণের প্রস্তাব দ্রুত জেলা প্রশাসক, কক্সবাজার এর কার্যালয়ে প্রেরণ করতে হবে; (খ) সড়কটির জন্য ৪ লেনের ভূমির সংস্থান রেখে ২ লেনে সড়ক নির্মাণের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন করতে হবে।	সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৪.২ মেরিন ড্রাইভের ১ম ১.৭ কিলোমিটার ক্ষতিগ্রস্থ অংশে ফ্লাইওভার নির্মাণ	পরিকল্পনা কমিশনের মতামতের আলোকে নীতিগত সিদ্ধান্তের জন্য একটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়।	পরিকল্পনা কমিশনের মতামতের আলোকে নীতিগত সিদ্ধান্তের জন্য একটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।	সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড এবং এস্টেট উইং
৪.৩ ওয়াকওয়ে নির্মাণ প্রকল্প (কলাতলী হতে লাবনী পয়েন্ট)	পিইসি সভার সুপারিশের আলোকে নতুন কিছু অংশ অন্তর্ভূক্ত করে পুনর্গঠিত ডিপিপি পরবর্তী এডিপি পর্যালোচনা সভার পূর্বেই মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়।	নতুন কিছু অংশ অন্তর্ভূক্ত করে পুনর্গঠিত ডিপিপি পরবর্তী এডিপি পর্যালোচনা সভার পূর্বেই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সওজ অধিদপ্তর, ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড
৪.৪ লেবুখালী-রামপুর-মির্জাগঞ্জ সংযোগ সড়ক নির্মাণ	পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি আগামী এক মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়।	পুনর্গঠিত ডিপিপি আগামী এক মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সওজ অধিদপ্তর, ২৪ কনষ্ট্রাকশন ব্রিগেড ও পরিকল্পনা কমিশন

৫. বিবিধ	কোন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে নির্ধারিত ছকে জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়। সকল প্যাকেজের টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে বাস্তবায়ন অগ্রগতি তরান্বিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পের যাবতীয় কার্যক্রমের তথ্যাদি তাদের নিকট থাকে বিধায় অডিট সংক্রান্ত বিষয়ে সওজ অধিদপ্তর বিষয়টি জানিয়ে অডিট কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হয়।	(ক) কোন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে নির্ধারিত ছকে জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; (খ) সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; (গ) সকল প্যাকেজের টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে বাস্তবায়ন অগ্রগতি তরান্বিত করতে হবে; (ঘ) বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পের যাবতীয় কার্যক্রমের তথ্যাদি তাদের নিকট থাকে বিধায় অডিট সংক্রান্ত বিষয়ে সওজ অধিদপ্তর বিষয়টি জানিয়ে অডিট কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করবে।	সওজ অধিদপ্তর ও ৩৪ কনষ্ট্রাকশন ব্রিগেড

৬. আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৪.১৯.৪১৫

তারিখ: ১০ আশ্বিন ১৪২৬
২৫ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: পরিচালক-৫)
২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪) সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫) সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
৭) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) ই-ইনসি ইঞ্জিনিয়ায় পরিদপ্তর, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১১) যুগ্মসচিব (বিআরটিসি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২) মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৩) মহাপরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম
১৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৮) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



মোঃ সামীমুজ্জামান
উপপ্রধান